

ঊ উত্তরা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ব্যাংকিং কন্ট্রোল এন্ড কমন্স সার্ভিসেস ডিভিশন

ব্রাঞ্চেস অপারেশন ডিপার্টমেন্ট

৪৭, শহীদ বীর উত্তম আশফাকুসসামাদ সড়ক

মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।

শট গান ক্রয়ের জন্য দরপত্র আহবান

দেশব্যাপী বিভিন্ন শাখার নিরাপত্তা কাজে ব্যবহারের জন্য সম্পূর্ণ নতুন শট গান ক্রয়ের লক্ষ্যে অনুমোদিত অস্ত্র ব্যবসায়ী / সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী শট গান সরবরাহ করার জন্য মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

শট গানের বিবরণ:

সংখ্যা	০৬ (ছয়)টি শট গান, প্রতিটি শট গানের জন্য ১০ (দশ)টি করে কার্তুজ ও অন্যান্য প্রয়োজনীয় এক্সেসরিজ
প্রকৃতি	সম্পূর্ণ নতুন
উৎপাদনকারী দেশ	আমেরিকা
ক্ষমতা	১২ বোর শট গান (৮ শট)

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী সরকার অনুমোদিত অস্ত্র ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের যে সব যোগ্যতা থাকা অত্যাবশ্যিক:-

০১. পূর্ববর্তী ০৫ (পাঁচ) বছরে সরকারী / আধা সরকারী / স্বায়ত্বশাসিত / ব্যাংক / অন্য কোন প্রতিষ্ঠানে সফলভাবে অস্ত্র সরবরাহের অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি।
০২. বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট / টিআইএন সনদ, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতা সনদ।
০৩. দরপত্রের সাথে শট গান প্রস্তুতকারী দেশের নাম এবং আমদানী সম্পর্কিত দলিলাদি জমা দিতে হবে।
০৪. কার্যদেশ পাওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে শট গান সরবরাহ করতে হবে।

দরপত্রে অংশগ্রহণের প্রক্রিয়া:

আগ্রহী ব্যবসায়ী/সরবরাহকারীগণ সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ২৫ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে ব্রাঞ্চেস অপারেশন ডিপার্টমেন্ট (১৪ তলা), উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা হতে "উত্তরা ব্যাংক লিমিটেড" বরাবর =৫০০/- টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে টেন্ডার শিডিউল ক্রয় করতে পারবেন। দরপত্র অবশ্যই মুখবন্ধ খামে আগামী ২৬ অক্টোবর, ২০২২ তারিখ অপরাহ্ন ০২.৩০ ঘটিকার মধ্যে ব্রাঞ্চেস অপারেশন ডিপার্টমেন্টে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে এবং একই দিন অপরাহ্ন ০৩.০০ ঘটিকায় জমাাদানকারীদের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে দরপত্র খোলা হবে।

উল্লেখ্য, যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার সিদ্ধান্ত সম্পূর্ণভাবে ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মহাব্যবস্থাপক

ব্রাঞ্চেস অপারেশন ডিপার্টমেন্টে